



বাঞ্ছারামপুর (ব্রাহ্মণবাড়িয়া) বালিকা পাইলট উচ্চ বিদ্যালয়ের মাঠে হাঁটু পানি

-ইত্তেফাক

## পরিত্যক্ত ভবনে চলছে ক্লাস বৃষ্টি হলে মাঠে হাঁটু পানি বাঞ্ছারামপুর বালিকা পাইলট উচ্চ বিদ্যালয়

□ বাঞ্ছারামপুর (ব্রাহ্মণবাড়িয়া) সর্বোদদাতা

কৃৎসির্পূর্ণ ও পরিত্যক্ত ভবনে ক্লাস চলছে বাঞ্ছারামপুর বালিকা পাইলট উচ্চ বিদ্যালয়ের শিক্ষার্থীদের। আবার একটু বৃষ্টি হলেই ওই বিদ্যালয়ের মাঠে অমে হাঁটু পানি। পানি সরে যাওয়ার পথ না থাকায় জমে থাকা পানি পচে দুর্গন্ধ ছড়ায়। এই নোংরা পানি ডিঙিয়ে ছাত্রীরা প্রতিদিন আসে ক্লাস করতে। জেলার বাঞ্ছারামপুর উপজেলা সদরে বিদ্যালয়টি ৪০ বছর আগে তৈরি করা হয়। সংস্কার না করায় বিদ্যালয়ের পুরাতন দ্বিতল ভবনটি অকাজে হয়ে পড়ে। বৃষ্টি পৃষ্ঠা ২ কলাম ৩

### পরিত্যক্ত ভবনে

২০ পৃষ্ঠার পর  
আসলে ছাদ দিয়ে পানি পড়ে ছাত্রীদের খাতাপত্র ভিজে যায়। ভবনের বিভিন্ন স্থানে ধরেছে ফাটল। ধসে যাচ্ছে স্ট্রাকচার। ছাত্রীরা ক্লাস করে ভয় আর আতঙ্কে।  
পত বছরের ২৫ মার্চ শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের উপ-সহকারী প্রকৌশলী ফুল ভবনটি কৃৎসির্পূর্ণ ও পরিত্যক্ত ঘোষণা করে ক্লাসরুম অন্যত্র সরিয়ে নেয়ার জন্য প্রধান শিক্ষককে লিখিতভাবে অবহিত করেন।

এ ব্যাপারে স্কুলের প্রধান শিক্ষক মো. সিরাজুল ইসলাম জানান, প্রেসিকন্সের অভাবে কৃৎসির্পূর্ণ হওয়া সত্ত্বেও ক্লাস করতে হচ্ছে। তিনি বলেন, পানি থাকায় ছাত্রীরা মাঠে খেলাধুলা করতে পারছে না। পানি ডিঙিয়ে স্কুলে আসতে হয় বলে ছাত্রীদের সর্দি, কাশি ও জ্বর লেগেই থাকে। এ ব্যাপারে উপজেলা চেয়ারম্যান মো. সিরাজুল ইসলামের সাথে যোগাযোগ করলে তিনি জানান, এটা অনেকদিনের পুরনো সমস্যা। এ ব্যাপারে জরুরি ভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।